বাংলা ছোটগল্প বিচার পাঠকের দর্পণে

সংকলক ও সম্পাদক
সুব্রত রায়

BANGLA CHOTOGALPO BICHAR : PATHAKER DARPANE
A critical study of short story in an analytical over view, Edited by Subrata Roy, Published by Debasis Bhattacharjee, Bangiya Sahitya Samsad, 6/2 Ramanath Majumder Street, Kolkata : 700009, January : 2021. ₹ 400.00

© সম্পাদক

প্রকাশক ও স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া কোনো উপায়েই এই গ্রন্থের কোনো অংশের কোনোরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রথম প্রকাশ
জানুয়ারী, ২০২১

প্রকাশক
দেবাশিস ভট্টাচার্য
বঙ্গীয় সাহিত্য সংসদ
৬/২ রমানাথ মজুমদার স্ট্রিট
কলকাতা : ৭০০০০৯

প্রচ্ছদ
অতনু গাঙ্গুলী

বর্ণ সংস্থাপন
ছায়া গ্রাফিক্স
কলকাতা : ৭০০০৫৪

মুদ্রক
স্টার লাইন
কলকাতা : ৭০০০০৬

ISBN : 978-93-88988-76-6

মূল্য : চারশো টাকা

সৈয়দ মুজতবা আলীর 'নোনাজল' : একটি বিশ্লেষণাত্মক অধ্যয়ন

ড. রীতা রাণী দে

ভূমিকা

বিখ্যাত সাহিত্যিক সৈয়দ মুজতবা আলীর (১৯০৪-১৯৭৪) জন্ম আসামের করিমগঞ্জ শহরে হয়। শান্তিনিকেতনের ছাত্র জীবনে তিনি তাঁর প্রথম গল্পটি রচনা করেছেন। 'নেড়ে' গল্পটি রচনা করে বাংলা গল্প সাহিত্যে তাঁর প্রবেশ। (দ্রষ্টব্য : প্রশান্ত চক্রবর্তী : সৈয়দ মুজতবা আলী, পৃ. ৩৩) গল্পটি 'মুক্তধারা' পত্রিকায় ১৩৩৮ বঙ্গাব্দে প্রকাশিত হয়। তাঁর দ্বিতীয় গল্প 'কাফে-দে-জেনি' ১৯৪৫ সালে 'দেশ' পত্রিকায় প্রকাশিত হয়। তাঁর তৃতীয় গল্প গ্রন্থ 'শ্রেষ্ঠ গল্প'। এটি একটি সংকলন গ্রন্থ। এ ছাড়া তাঁর অনেক গল্প ছড়িয়ে ছিটিয়ে রয়েছে 'পঞ্চতন্ত্র', 'দু-হারা', 'চতুরঙ্গ' ইত্যাদি গ্রন্থে। তাঁর 'নোনাজল' গল্পটি 'দেশ' পত্রিকায় ১৯৫৩ সালের ৭ই ফেব্রুয়ারী প্রকাশিত হয়। পরবর্তী সময়ে গল্পটিকে 'দ্বন্দ্ব মধুর' (১৯৫৮) গল্পগ্রন্থে অন্তর্ভুক্ত করা হয়েছে। (দ্রষ্টব্য : সোমা দত্ত : মুজতবা আলীর রচনা রীতির বিশিষ্টতা (প্রবন্ধ), মঞ্জরী চৌধুরী সম্পাদিত সৈয়দ মুজতবা আলী শতবর্ষ স্মারক গ্রন্থ, পৃ. ১১৫)

কাহিনি

'নোনাজল' গল্পের কাহিনি গড়ে উঠেছে কিছু মানুষের জাহাজ-জীবনকে কেন্দ্র করে। তারা হল, সারেঙ, সমীরুদ্দী এবং গল্পকথক। সারেঙ ও সমীরুদ্দী জাহাজের কর্মচারী। গল্পকথক জাহাজের একজন পুরনো যাত্রী। গল্পে সারেঙ ও গল্পকথকের নাম নেই, এবং সমীরুদ্দীর উপস্থিতি নেই। তবে, সারেঙ ও গল্পকথকের কথায় পুরো গল্প জুড়ে সমীরুদ্দী রয়েছে। সমীরুদ্দীর সম্পর্কে সারেঙ বলেছে এবং গল্পকথক মন দিয়ে শুনেছে। কথার মাঝখানে নিজের মতামতও দিয়েছে। যে জাহাজে সারেঙ এবং সমীরুদ্দী কাজ করে সেই জাহাজের সঙ্গে গল্পকথকের ত্রিশ বছরের পরিচয়। গল্পের প্লট ভারতবর্ষ থেকে শুরু হয়েছে। তারপর শ্রীলঙ্কা, জার্মানি, আমেরিকা ইত্যাদি হয়ে